

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং-০২

তারিখ : জুলাই ১১ ২০০৭

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

নতুন আমদানি নীতি আদেশ ২০০৬-২০০৯ কার্যকরকরণ ও এলসিএ ফরম নিবন্ধন প্রসঙ্গে।

বাণিজ্য মন্ত্রণালয়ের এসআরও নং৭৩-আইন/২০০৭ তারিখ ১৪/০৫/০৭ এর মাধ্যমে জারীকৃত এবং উক্ত তারিখ হতে বলবৎকৃত আমদানি নীতি আদেশ ২০০৬-২০০৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত আদেশে প্রদত্ত নির্দেশনা কোন ব্যত্যয় ব্যতিরেকে অনুসরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

০২। আমদানি নীতি আদেশ ২০০৬-২০০৯ এর ৮.৩ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক এলসি অথবা এলসি ব্যতিরেকে আমদানির ক্ষেত্রে এলসিএ ফরম ইস্যুকারী অনুমোদিত ডিলার ব্যাংক এলসিএ ফরম নিবন্ধন সম্পাদন করে এলসিএ ফরমের বাংলাদেশ ব্যাংক কপি মূল্য পরিশোধের পর মাসিক বিবরণীর সাথে বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে। উক্ত নির্দেশনা মোতাবেক এলসিএ ফরম বাংলাদেশ ব্যাংকের রেজিস্ট্রেশন ইউনিটে নিবন্ধনের আবশ্যিকতা না থাকায় গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস-১৯৯৬, ভলিউম-১, অধ্যায় ১৫, এবং এফ,ই সার্কুলার নং-০৯/১৯৯৭ এর এলসিএ ফরম নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা সংশোধিত মর্মে বিবেচিত হবে।

০৩। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭৫